গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থ বছরের NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২০) পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান বিষয়ে সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুল মালেক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৩ জুন, ২০২০ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার অফিস কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব দীপঙ্কর মন্ডল, উপসচিব বলেন যে, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ তৃতীয় প্রান্তিক (জানুয়ারি-মার্চ, ২০২০) এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান বিষয়ে এ সভার আয়োজন করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনাধীন কার্যক্রমের তৃতীয় প্রান্তিকের করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত কারণে এপ্রিল এবং মে মাসে সাধারণ ছুটি থাকার পরিপ্রেক্ষিতে সঠিক সময়ে তথা নির্ধারিত লক্ষ্যমাত্রা ৩০/০৪/২০২০ তারিখে ফিডব্যাক প্রদান করা সম্ভবপর হয়নি। অতঃপর তিনি ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদনসমূহের সংস্থাভিত্তিক সার-সংক্ষেপ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনাভূক্ত তৃতীয় প্রান্তিকের উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে পর্যালোচনা করা হয় :

| ক্রম | সংস্থার নাম | NIS ক্রম | NIS কার্যক্রমের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সওজ | ৬.২ | এডিবি বাস্তবায়ন অগ্রগতি লক্ষ্যমাত্রা ৫০% অর্জন ৪৮.৯৮ | সওজ-এর প্রতিনিধি জানান ৪র্থ প্রান্তিকে লক্ষ্যমাত্রা বর্তমান বাস্তবতায় সন্তোষজনক। |
| | | ৬.৪ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| ২ | বিআরটিএ | ৬.২ | এডিবি বাস্তবায়ন অগ্রগতি লক্ষ্যমাত্রা | |
| | | ১২.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| ৩ | বিআরটিসি | ২.২ | অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ৬.৪ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ৯.১ | সিসি ক্যামেরায় ডিপো মনিটরিং | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| | | ১২.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| ৪ | ডিটিসিএ | ৪.৩ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | লক্ষ্যমাত্রা চার প্রান্তিকেই নির্ধারণ করা আছে, যা যে কোন একটি হবে। |
| | | ১২.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | অর্জনের স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করা হয়নি। |
| ৫ | ডিএমটিসিএল | NIS অগ্রগতি প্রতিবেদন ও সংযুক্ত প্রমাণক সঠিক পাওয়া যায়। | | ডিএমটিসিএল-কে ধন্যবাদ দেয়া হয়। |

৩.০ অগ্রগতি প্রতিবেদনের সাথে কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের স্বপক্ষে যে সকল প্রমাণক সংযুক্ত করা হয়নি, যা সংযুক্ত করা আবশ্যক মর্মে আলোচিত হয়। বাস্তব প্রেক্ষাপট বিবেচনায় রেখে NIS ক্রম ৬.২ এডিবি বাস্তবায়ন অগ্রগতির কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

(১) বিরাজমান পরিস্থিতিতে যথাসম্ভব লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকল সংস্থা ৬.২ ক্রমিকে উল্লিখিত এডিপি বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সচেষ্ট হবে;

(২) NIS কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রান্তিকভিত্তিক প্রতিবেদনের সাথে কার্যক্রমসমূহ বাস্তবায়ন/অগ্রগতি অর্জনের স্বপক্ষে প্রমাণকসহ নির্ধারিত সময়ে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

(৩) NIS কর্ম-পরিকল্পনাভুক্ত চতুর্থ প্রান্তিকের অন্যান্য যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন এখানো পিঁছিয়ে আছে, উক্ত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা বর্তমান কোভিড-১৯ সংক্রমন বিবেচনায় স্বাস্থ্যবিধি মেনে অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে;

৫.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩/০৬/২০২০
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০১২.১৯-২৭৯

তারিখ : ১০ আষাঢ়, ১৪২৭
২৪ জুন, ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
০৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। অফিস কপি/মাস্টার কপি।

২৪/৬/২০২০
দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd